ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ১৪তম সংখ্যা

ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta)

১৬ শ্রাবণ ১৪২৩, ৩১ জুলাই, ২০১৭

বকুলতলায় ‘বর্ষা উৎসব’

সত্যেন সেন শিল্পীগোষ্ঠীর আয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের বকুলতলায় গত ২১ জুলাই ২০১৭ ‘বর্ষা উৎসব-১৪২৪’র উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

সাংস্কৃতিক পরিবেশনা চলাকালেই সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরে পাহাড়ধসে শিশুসহ পাঁচজনের নিহত হবার খবর আসে। ‘বর্ষা কথন’ পর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিকের কণ্ঠেও ছিল সেই শোকের প্রকাশ। তিনি প্রকৃতি সুরক্ষার আহ্বান জানিয়ে বলেন, আমরা আশা করব, মানুষ প্রকৃতিকে ভালোবেসে প্রকৃতি সুরক্ষা, ঋতুবৈচিত্র্য রক্ষায় যা কিছু প্রয়োজনীয়, করণীয় সবকিছু করবে। প্রকৃতির ওপর অত্যাচার, নিপীড়ন বন্ধে তারা আরো সচেতন হবেন। ঋতুবৈচিত্র্যের দেশ বাংলাদেশে নাগরিকরা বর্ষা উৎসবে যোগ দিয়ে ‘বর্ষার মতো সজীব আর উদার’ হয়ে উঠবেন বলেও প্রত্যাশা করেন তিনি। নগরকেন্দ্রিক জীবনযাত্রায় শিশু-কিশোরদের প্রকৃতি-সংযোগ ঘটাতে বর্ষা উৎসবের মতো আয়োজনের প্রয়োজনীয়তা রয়েছে বলেও উল্লেখ করেন উপাচার্য।

এবারের বর্ষা উৎসবে একক সংগীত পরিবেশন করেন মহিউজ্জামান চৌধুরী, শ্যামা রহমান, আবু বকর সিদ্দিক, সমর বড়ুয়া, রত্না সরকার, ফয়েজুল বারী, শ্রাবণী গুহ রায় প্রমুখ। দলীয় নৃত্য পরিবেশন করেন নৃত্যজন, নৃত্যাক্ষ, নৃত্য মঞ্চ, বুলবুল ললিতকলা একাডেমি, স্পন্দন, বাংলাদেশ ফাইন আর্টসের (বাফা) শিল্পীরা। একক আবৃত্তি পরিবেশন করেন রফিকুল ইসলাম, শিমুল মুস্তাফা, নায়লা তারান্নুম চৌধুরী ও মাশকুর-এ-সাত্তার। এছাড়া, দলীয় সংগীত পরিবেশন করেন পঞ্চভাস্কর, সমস্বর, বহ্নিশিখা ও সত্যেন সেন শিল্পীগোষ্ঠীর শিল্পীরা।

বাংলাদেশ-রাশিয়া মৈত্রী সমিতির নব নির্বাচিত সভাপতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং সাধারণ সম্পাদক বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ডা. মো. শহীদুল্লাহ সিকদার ২৫ জুলাই ২০১৭ ধানমণ্ডির ৩২ নম্বর সড়কে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় সমিতির নবগঠিত কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন স্টুডিও’র যাত্রা শুরু

গণমাধ্যম কর্মীদের সর্বদা সত্যনিষ্ঠ থাকতে হবে – উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন স্টুডিও (ডিইউ স্টুডিও)-এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। বিশ্বব্যাংক এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের উদ্যোগে সামাজিক বিজ্ঞান ভবনের সাত তলায় এই স্টুডিও প্রতিষ্ঠা করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ১৮ জুলাই ২০১৭ অধ্যাপক মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে এই টিভি স্টুডিও উদ্বোধন করেন।

সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন এবং টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের চেয়ারপার্সন রিফফাত ফেরদৌস। ঢাকা বিশ্ববিদ্যালয়ে টিভি স্টুডিও প্রতিষ্ঠার প্রেক্ষাপট তুলে ধরেন বিভাগের সহকারী অধ্যাপক হাবিবা রহমান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, শিক্ষার্থীদের ব্যবহারিক সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিশ্বব্যাংকের উচ্চশিক্ষার গুণগত মান প্রকল্পের (হেকেপ) আওতায় এই টিভি স্টুডিও স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে দেশের টেলিভিশন ও চলচ্চিত্র শিল্পের জন্য দক্ষ ও প্রশিক্ষিত জনশক্তি সৃষ্টি করা সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ করেন। টেলিভিশনকে অত্যন্ত শক্তিশালী গণমাধ্যম হিসাবে বর্ণনা করে তিনি বলেন, প্রশিক্ষিত ও

*(২য় পৃষ্ঠায় দেখুন)

পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে। রেজিস্ট্রার অফিসের এম.ফিল ও পিএইচ.ডি. শাখার ৩২৩ নং কক্ষ থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এম.ফিল সনদপত্র অথবা সকল পরীক্ষা পাশের মূল নম্বরপত্র এবং জনতা ব্যাংক টিএসসি শাখায় ১ হাজার টাকা জমার রশিদ দেখিয়ে প্রার্থীকে নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সকল পরীক্ষার নম্বরপত্রের ১ (এক)টি করে ফটোকপি ও সম্প্রতি তোলা ২ (দুই) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। বিদেশ থেকে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের পর ভর্তির আবেদন করতে হবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীকে এম.ফিল. পাশ অথবা পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অথবা ৩ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রীর অধিকারী হতে হবে। প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া, প্রার্থীদের স্বীকৃতমানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে অন্তত ১টি গবেষণা প্রকাশনা একক নামে হতে হবে।

উল্লেখ্য, দেশের কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচডি প্রোগ্রামে সরাসরি ভর্তি হতে পারবেন না। পিএইচডি প্রোগ্রামে ভর্তির আগে তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমফিল প্রোগ্রামে ভর্তি হতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ডিগ্রিধারীদের আবেদনপত্র সংগ্রহের পূর্বে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের জন্য সংশ্লিষ্ট কমিটির কাছে দরখাস্ত করতে হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য এমফিল-পিএইচডি শাখায় যোগাযোগ করা যাবে।

সত্যেন সেন শিল্পীগোষ্ঠীর আয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের বকুলতলায় গত ২১ জুলাই ২০১৭ ‘বর্ষা উৎসব-১৪২৪’ অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করছেন নৃত্যশিল্পীরা।

ঢাবি টেলিভিশন স্টুডিও (ডিইউ টিভি স্টুডিও)-এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ১৮ জুলাই ২০১৭ অধ্যাপক মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে এই টিভি স্টুডিও উদ্বোধন করেন। উদ্বোধনের পর একটি ‘টক শো’ আয়োজন করা হয়।

Introducing IQAC-DU to QA Training Participants শীর্ষক কর্মশালা

বিবেককে সত্যনিষ্ঠ করতে হবে –উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় ইন্সটিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের যৌথ আয়োজনে “Introducing IQAC-DU to QA Training Participants” শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা গত ১৩ জুলাই ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত কর্মশালার উদ্বোধন করেন। আইকিউএসি’র পরিচালক অধ্যাপক ড. শামীমুল আলমের সভাপতিত্বে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উদ্বোধনী বক্তব্যে বলেন, সময়ের পরিবর্তনের সাথে নানারকম পরিবর্তন সাধিত হয় এবং সেই পরিবর্তনের সাথে সাথে জ্ঞান এবং শিক্ষার গুণগত পরিবর্তনও লক্ষ্য করা যায়। এই গুণগত পরিবর্তন যাতে টেকসই হয় সে ব্যাপারে গুরুত্ব দিতে হবে। কোয়ালিটি’র উপর জোর দেয়া হচ্ছে কারন আমরা সবকিছুতেই গুণগত পরিবর্তন ও উন্নত মান চাই। শিক্ষা যদি মান সম্পন্ন না হয় তাহলে আমরা পিছিয়ে পড়ব। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মানসম্পন্ন শিক্ষা শেষে যেসব

অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপত ড. মো. আখতারুজ্জামান, আইকিউএসি’র প্রতিষ্ঠাতা পরিচালক অধ্যাপক ড. এম ইউসুফ আলী মোল্লা ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কোয়ালিটি এস্যুরেন্স ইউনিটের প্রধান অধ্যাপক ড. সঞ্জয় কুমার অধিকারী। উদ্বোধনী অনুষ্ঠান শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ।

গ্র্যাজুয়েট বের হচ্ছে তারা শুধু দেশের নয় বিশ্বের চাহিদা পূরণে সক্ষম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটরা আজ পৃথিবীর বিভিন্ন দেশে গুরুত্বপূর্ণ অবস্থানে কর্মরত রয়েছেন। উপাচার্য পরিশেষে শিক্ষার মান আরও এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে শিক্ষকদের সত্যনিষ্ঠভাবে কাজ করে যাওয়ার আহ্বান জানান। তিনি বলেন, বিবেককে সত্যনিষ্ঠ করতে হবে।

উল্লেখ্য, দেশের ২২টি বিশ্ববিদ্যালয়ের কোয়ালিটি এস্যুরেন্স সেলের পরিচালক ও অতিরিক্ত পরিচালকবৃন্দ দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী তারানা হালিম গত ১৩ জুলাই ২০১৭ বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক প্রকাশিত ‘বাংলাদেশ যুদ্ধাপরাধ ১৯৭১’ শীর্ষক অ্যালবাম উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নিকট হস্তান্তর করেন। ১৯৭১ সালে বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের এ দেশীয় দোসরদের গণহত্যা ও যুদ্ধাপরাধের উপর নির্বাচিত ৭১টি বিশেষ আলোকচিত্র এবং বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক প্রকাশিত স্মারক ডাকটিকেট উক্ত অ্যালবামটিতে সন্নিবেশিত করা হয়েছে।

গত ১৮ জুলাই ২০১৭ ঢাকা মহানগরের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের অধ্যক্ষবৃন্দের সাথে এক সভায় মিলিত হন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। উপাচার্যকে সভায় বক্তব্য রাখতে দেখা যাচ্ছে।

ঢাবি স্যার পিজে হার্টগ ইন্টারন্যাশনাল হলে পিজে হার্টগের প্রতিকৃতি স্থাপন করা হয়েছে। গত ২২ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিকৃতি'র উদ্বোধন করেন। এসময় হলের প্রভোস্ট অধ্যাপক মো. লুৎফর রহমান উপস্থিত ছিলেন।

গণমাধ্যম কর্মীদের সর্বদা সত্যনিষ্ঠ থাকতে হবে - উপাচার্য

*(১ম পৃষ্ঠার পর) দক্ষ জনশক্তির হাতে এই মাধ্যম পরিচালিত হলে সমাজ তথা মানব সভ্যতার উপকার হবে। এটি অদক্ষ ও ভুল লোকের হাতে পড়লে মানব সভ্যতার ক্ষতি হতে পারে। টেলিভিশন ও চলচ্চিত্র মাধ্যমের অপব্যবহার রোধে গণমাধ্যমের সঠিক ব্যাকরণ শিক্ষার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, গণমাধ্যম কর্মীদের সর্বদা সত্যনিষ্ঠ থাকতে হবে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান সমাজ পরিবর্তনের লক্ষ্যে শক্তিশালী ভূমিকা পালনের জন্য গণমাধ্যমের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, ৩ কোটি টাকা ব্যয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে টেলিভিশন স্টুডিও প্রতিষ্ঠা করা হয়েছে। বাংলাদেশের কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে এটিই প্রথম টিভি চ্যানেল। এই স্টুডিও থেকে ইন্টারনেটের মাধ্যমে সারাবিশ্বে অনুষ্ঠানপ্রচার করা হবে। সংবাদ, ডকুমেন্টারি, বিনোদনসহ নানা অনুষ্ঠান প্রচার করবে এই টিভি চ্যানেল।

তরুণ প্রজন্মকে ড. মুহম্মদ শহীদুল্লাহর আদর্শ অনুসরণ করতে হবে - উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তরুণ প্রজন্মকে ড. মুহম্মদ শহীদুল্লাহর আদর্শ ও চেতনা অনুসরণ করার আহ্বান জানিয়েছেন। গত ১৪ জুলাই ২০১৭ ড. মুহম্মদ শহীদুল্লাহ হল প্রাঙ্গণে ড. মুহম্মদ শহীদুল্লাহর ১৩২তম জন্মবার্ষিকী ও ৪৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত হবে। তাঁর মতো অসাম্প্রদায়িক চেতনার মানুষ সমাজে বিরল। তিনি ছিলেন যেমন ধর্মপ্রাণ, তেমনি অন্য ধর্মের প্রতিও ছিল তাঁর শ্রদ্ধাবোধ। এই দেশের স্বাধীনতায় তাঁর অবদান অসামান্য। শিক্ষকতাকে তিনি শুধু শ্রেণিকক্ষের মধ্যেই সীমাবদ্ধ রাখেননি, তার বাইরেও তিনি শিক্ষার্থীকে

এক স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। শহীদুল্লাহ হল অ্যালামনাই এসোসিয়েশনের উদ্যোগে এই স্মরণ সভার আয়োজন করা হয়। শহীদুল্লাহ হল অ্যালামনাই এসোসিয়েশনের আহ্বায়ক মো: ইউনুছ আলীর সভাপতিত্বে স্মরণসভায় বক্তব্য রাখেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব শহীদ উল্লাহ খন্দকার, হলের প্রাধ্যক্ষ অধ্যাপক আইনুল ইসলাম, বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, প্রাক্তন ছাত্রনেতা বাহাদুর ব্যাপারী, ড. মুহম্মদ শহীদুল্লাহর দৌহিত্র লেখক-সাংবাদিক শান্তা মারিয়াম প্রমুখ।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রথিতযশা পণ্ডিত ড. মুহম্মদ শহীদুল্লাহর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, তরুণ প্রজন্মকে তার আদর্শ ও চেতনা অনুসরণ করতে ভাষাবোধ, দেশপ্রেম ও মূল্যবোধের মতো নৈতিক শিক্ষার প্রতি অনুপ্রাণিত করেছেন। যে কারণে পরবর্তীতে মুক্তিযুদ্ধের সময় এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অকাতরে জীবন দিতেও দ্বিধাবোধ করেননি।

উল্লেখ্য, ড. মুহম্মদ শহীদুল্লাহ ভারতীয় উপমহাদেশের একজন স্মরণীয় বাঙালি ব্যক্তিত্ব, বহুভাষাবিদ, বিশিষ্ট শিক্ষক ও দার্শনিক ছিলেন। ১৮৮৫ সালের ১০ জুলাই তিনি ভারতের পশ্চিমবঙ্গের অবিভক্ত চব্বিশ পরগণা জেলার পেয়ারা গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৩৭ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগে অধ্যাপক পদে যোগদান করেন। ১৯৬৯ সালের ১৩ জুলাই তিনি মৃত্যুবরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদুল্লাহ হলের পাশে তাঁকে সমাহিত করা হয়। তাঁর অমর অবদানকে সম্মান ও শ্রদ্ধা জানাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠা করা হয় ড. মুহম্মদ শহীদুল্লাহ হল।

অধ্যাপক ড. রাজীব হুমায়ুনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ও অধ্যাপক, বিশিষ্ট লেখক, ভাষাবিজ্ঞানী, সংস্কৃতিসেবী ড. রাজীব হুমায়ুন কবীর-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৫ জুলাই ২০১৭ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক রাজীব হুমায়ুন ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভাষাবিজ্ঞান বিভাগ প্রতিষ্ঠায় বিশেষ অবদান রেখেছেন। বিশ্ববিদ্যালয়ের সিনেট ও একাডেমিক কাউন্সিলসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে থেকে তিনি অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্বশীল ভূমিকা পালন করেছেন। রাজীব হুমায়ুন শুধু শিক্ষক ছিলেন না, তিনি স্বনামধন্য সংস্কৃতিসেবী ছিলেন। তিনি মননশীল রচনার পাশাপাশি সৃষ্টিশীল রচনায় সুনাম অর্জন করেছেন। বিশ্ববিদ্যালয়ে তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে। তাঁর মৃত্যুতে দেশ একজন শিক্ষানুরাগী ও সৃষ্টিশীল মানুষকে হারালো। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক রাজীব হুমায়ুন ১৯৫০ সালের ১৯ নভেম্বর সন্দ্বীপে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৌলভী সৈয়দ আহমদ এবং মাতা আজমতেন্নেসা বেগম। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ থেকে ১৯৭২ সালে বিএ অনার্স এবং ১৯৭৪ সালে এমএ ডিগ্রি লাভ করেন। ১৯৭৮ সালে তিনি ভারতের পুনে বিশ্ববিদ্যালয় থেকে ভাষাবিজ্ঞানে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকতা করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগে ১৯৮৫ সালে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হিসেবে ১৯৯২ সাল থেকে দীর্ঘদিন দায়িত্ব পালন করেন। ১৯৯৩ সালে অধ্যাপক পদে উন্নীত হন। বিশ্ববিদ্যালয় থেকে তিনি ২০০৪ সালে স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন। তিনি আন্তর্জাতিক কাউন্সিল অব টিচার এডুকেশন (সিটিই)-এর সাথে যুক্ত ছিলেন। ২০১৪ সাল পর্যন্ত বাংলাদেশের কাউন্সিল অব টিচার এডুকেশন-এর সমন্বয়কের দায়িত্ব পালন করেন।

রাজীব হুমায়ুন একাধারে একজন ভাষাবিজ্ঞানী, নজরুল গবেষক, সংস্কৃতি সেবী, নাট্যকার ছিলেন। তাঁর উল্লেখযোগ্য টেলিভিশন নাটকের মধ্যে ছিল মহাপ্রস্থান (১৯৮৪), নীলপানিয়া (১৯৮৬), মাগো তুমি কেমন আছো (১৯৯৯), ব্রীফকেস, একটি পরিবারের গল্প, লাগুক দোলা ইত্যাদি। একমাত্র মঞ্চনাটক 'নীলপানিয়া' গ্রন্থাকারে প্রকাশিত হয়েছে। তাঁর উল্লেখযোগ্য প্রকাশনাসমূহের মধ্যে রয়েছে নজরুল ও বিশ্বসংস্কৃতি, নজরুল ইসলাম ও বাংলাদেশের সাহিত্য, নজরুলের লেখার কৌশল, আবুল মনসুর আহমদের ব্যঙ্গ রচনা ও সংস্কৃতি চিন্তা, সমাজ ভাষাবিজ্ঞান, সমাজ ও সংস্কৃতি। সন্দ্বীপের ইতিহাস গ্রন্থটি তিনি সম্পাদনা করেছেন। তিনি বাংলা একাডেমি, এশিয়াটিক সোসাইটিসহ বিভিন্ন সংস্থার প্রকাশনার সাথেও সংশ্লিষ্ট ছিলেন।

ড. রাজীব হুমায়ুন ১৯৮৬-৮৭ সাল থেকে বঙ্গবন্ধু পরিষদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ছিলেন। ১৯৯৬-২০০১ পর্যন্ত আওয়ামী লীগ নির্বাচন পরিচালনা কমিটিরও সদস্য ছিলেন তিনি। ছিলেন সাংস্কৃতিক উপ-কমিটির সমন্বয়কারী। এছাড়া সত্তরের দশকে সাংস্কৃতিক সংগঠন উদীচীর সভাপতির দায়িত্বও পালন করেছেন ড. রাজীব হুমায়ুন।

ঐদিন বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদুল জামিয়ায় মরহুমের জানাজা অনুষ্ঠিত হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অংশগ্রহণ করেন। জানাজায় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ ও বিশ্ববিদ্যালয়ের বাংলা ও ভাষাবিজ্ঞান বিভাগের শিক্ষক, শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন। জানাজা শেষে তাঁকে মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হয়।

উল্লেখ্য, অধ্যাপক রাজীব হুমায়ুন গত ৪ জুলাই ২০১৭ রাত ২:৩০টায় রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৭ বছর। তিনি দুই ছেলেসহ অসংখ্য আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

আনোয়ারুল হকের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র, শিক্ষা ও আন্তর্জাতিক যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান আনোয়ারুল হকের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, দেশপ্রেমিক বিচারক হিসেবে আনোয়ারুল হক অত্যন্ত নিষ্ঠাবান ব্যক্তিত্ব ছিলেন। তিনি তাঁর কর্ম জীবনে বিচারালয়ে ন্যায় ও সত্য প্রতিষ্ঠার সাধনা করেছেন। বাংলাদেশের বিচার ব্যবস্থায় তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

আনোয়ারুল হক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এলএলবি ও এলএলএম ডিগ্রি নিয়ে ১৯৮০ সালে আইনজীবী এবং ১৯৮১ সালে মুন্সেফ হিসেবে কর্মজীবন শুরু করেন। তিনি ২০১০ সাল থেকে হাইকোর্টে অতিরিক্ত বিচারক হিসেবে নিয়োজিত ছিলেন। ২০১২ সালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারক হিসেবে নিয়োগ পান এবং ২০১৫ সালে ট্রাইব্যুনালের চেয়ারম্যানের দায়িত্ব লাভ করেন। তিনি সার্ক আরবিট্রেশন কাউন্সিলের পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে দায়িত্বরত ছিলেন। ১৯৮৮ সাল থেকে আনোয়ারুল হক কমনওয়েলথ এসোসিয়েশন অব লেজিসলেটিভ কাউন্সিলের সদস্য ছিলেন।

উল্লেখ্য, বিচারপতি আনোয়ারুল হক দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হয়ে ১৩ জুলাই ২০১৭ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন। তাঁর বয়স হয়েছিল ৬১ বছর।

অধ্যাপক ড. অরুন কুমার শর্মার মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

গত ২০ জুলাই ২০১৭ বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রোমোসোম রিসার্চ সেন্টারের পরিচালনা পর্ষদের এক সভায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী অধ্যাপক ড. অরুন কুমার শর্মা-এর মৃত্যুতে এক শোক প্রস্তাব গৃহীত হয়। এছাড়া, সভায় মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করে তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতিও গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়।

অধ্যাপক ড. অরুন কুমার শর্মা-এর প্রতি গভীর শোক প্রকাশ করে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ড. অরুন কুমার শর্মা-এর মৃত্যুতে কোষবংশগতি (Cytogenetics) বিষয়ে অপূরণীয় ক্ষতি হলো। তিনি তার কাজের মধ্য দিয়ে বিশ্ববাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবেন।

উক্ত সভা পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রোমোজম রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. শেখ শামীমুল আলম। এসময় আরও উপস্থিত ছিলেন জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক।

অধ্যাপক ড. অরুন কুমার শর্মা ১৯২৪ সালের ৩১ ডিসেম্বর কলকাতায় জন্মগ্রহণ করেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৪৩ সালে গ্র্যাজুয়েশন এবং ১৯৪৫ সালে মাস্টার্স ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে ১৯৫৫ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ ডি ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৪৮ সালে সহকারী প্রভাষক হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন এবং অধ্যাপক হিসেবে ১৯৮৮ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। অবসর গ্রহণের পর তিনি অনারারি অধ্যাপক হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাথে সংযুক্ত ছিলেন। অধ্যাপক ড. অরুন কুমার শর্মা কলকাতা বিশ্ববিদ্যালয়ের "সেন্টার ফর এডভান্সড স্টাডি অন সেল এন্ড ক্রোমোসোম" এর প্রতিষ্ঠাতা ছিলেন। ক্রোমোসোম বিষয়ক আন্তর্জাতিক মানের জার্নাল The Nucleus -এর Chief Editor হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেন। তিনি ৮০টি পিএইচ ডি এবং ১০টি ডি.এসসি. গবেষণা তত্ত্বাবধান করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সাইটোজেনেটিক্স গবেষণাগার তিন বার পরিদর্শন করেন। তিনি ভারত সরকারের 'পদ্মভূষণ' সম্মাননায় ভূষিত হয়েছেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. অরুন কুমার শর্মা গত ৬ জুলাই ২০১৭ ইহলোক ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯২ বছর।

ঢাবি জগন্নাথ হলের সন্তোষচন্দ্র ভট্টাচার্য ভবনস্থ ব্লকের তৃতীয় তলায় শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত ই-লাইবেরি'র উদ্বোধনী অনুষ্ঠান গত ১৮ জুলাই ২০১৭ অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ই-লাইব্রেরির উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর সিতাংশু কুমার সুর চৌধুরী এবং বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপক মনোজ কুমার বিশ্বাস। এসময় হলের প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকার উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্যকে লাইব্রেরি উদ্বোধন করতে দেখা যাচ্ছে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ২০ জুলাই ২০১৭ বিশ্ববিদ্যালয়ের সুইমিং পুলে আন্তঃহল (ছাত্র-ছাত্রী) সাঁতার প্রতিযোগিতার উদ্বোধন করেন।

ঢাবি কারিগরি কর্মচারী সমিতি আয়োজিত "আলোচনা সভা, ইফতার ও দোয়া মাহ্ফিল" গত ২০ জুন ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মসজিদে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান। এ সময় সমিতির সভাপতি মো. মোজাম্মেল হক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

গত ২০ জুলাই ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় সুইমিং পুলে ৪৪তম আন্তঃহল (ছাত্র-ছাত্রী) সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

জার্মানীর শিল্পী

জার্মানীর যন্ত্রসংগীত শিল্পী শিমন কির্সপেল গত ৬ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের সহকারী অধ্যাপক ড. সাঈম রানা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে একটি বাদক দল গঠনের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। জার্মানীর শিল্পী এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়কে কারিগরি ও অন্যান্য আনুষঙ্গিক সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশ করেন।

চীনা প্রতিনিধিদল

চীনের ইউন্যান আর্টস ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট অধ্যাপক চেন ইয়ানপিং-এর নেতৃত্বে ৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১১ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক জি কুন, অধ্যাপক তাং উন, মিয়াউ শিয়ানজিয়ান, ইয়াং ঝাউ এবং মং মং শু ।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ইউন্যান আর্টস ইউনিভার্সিটির মধ্যে সঙ্গীত, নৃত্য ও চারুকলা বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও মত বিনিময় করা হয়। ইউন্যান আর্টস ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট চীনে উচ্চশিক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষর্থীদের বৃত্তি প্রদানে আগ্রহ প্রকাশ করেন। এসব বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা ঐকমত্যে পৌঁছেন। উপাচার্য বলেন, বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিন যাবৎ চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে চীনা প্রতিনিধি দলকে অবহিত করেন।

রাষ্ট্রদূত আবু জাফর

অস্ট্রিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং ভিয়েনাস্থ আইএইএ মিশনের স্থায়ী প্রতিনিধি মো: আবু জাফর গত ১১ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. মো: শফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

বৈঠককালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে নব-প্রতিষ্ঠিত নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বিশ্বের বিভিন্ন খ্যাতিমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এ্যাম্বাসেডরের সহযোগিতা চান। এ্যাম্বাসেডর এ ব্যাপারে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

জাইকা প্রতিনিধিদল

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) সিনিয়র রিপ্রেজেনটেটিভ হিতোশি আরা-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৬ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- হিরোয়াকি নাকাতসুকা এবং কানিজ ফাতেমা।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাইকার মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক প্রকল্প আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া, জাপানে উচ্চশিক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষককে বৃত্তি প্রদানের ব্যাপারে তারা মত বিনিময় করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য প্রতিনিধি দলকে ধন্যবাদ জানান।

‘প্রোমুন্ডো’-এর ভাইস-প্রেসিডেন্ট

আন্তর্জাতিক সংস্থা ‘প্রোমুন্ডো’-এর ভাইস প্রেসিডেন্ট রিচার্ড ডি বরিসকিন গত ১৮ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। সংস্থার প্রোগ্রাম সহকারী এবি ফ্রিড তার সঙ্গে ছিলেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. সৈয়দ মো: শাইখ ইমতিয়াজ ও সহকারী অধ্যাপক ইশরাত খান বর্ষা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ‘প্রোমুন্ডো’-এর মধ্যে ‘লিঙ্গ বৈষম্য নিরসন ও সহিংসতা প্রতিরোধ’ বিষয়ে যৌথ গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, লিঙ্গ বৈষম্য নিরসন ও সহিংসতা মুক্ত পৃথিবী গড়ার লক্ষ্যে ‘প্রোমুন্ডো’ দীর্ঘদিন যাবৎ কাজ করে যাচ্ছে।

বাংলাদেশী অনারারি কনস্যুল

নিউজিল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের অনারারি কনস্যুল ইঞ্জিনিয়ার সফিকুর রহমান ভূঁইয়া গত ২৩ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নিউজিল্যান্ডের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, দু'দেশের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ব্যাপারে তারা মত বিনিময় করেন।

আন্তর্জাতিক সংস্থা ‘প্রোমুন্ডো’-এর ভাইস প্রেসিডেন্ট রিচার্ড ডি বরিসকিন গত ১৮ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

নিউজিল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের অনারারি কনস্যুল ইঞ্জিনিয়ার সফিকুর রহমান ভূঁইয়া গত ২৩ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেছেন।

ফেসবুক কর্তৃক আয়োজিত এবং যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি ও মার্কিন ডিপার্টমেন্ট অব স্টেট-এর সহযোগিতায় ওয়াশিংটন ডিসিতে “Peer to Peer: Facebook Global Digital Challenge Spring 2017” শীর্ষক বৈশ্বিক প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২-সদস্য বিশিষ্ট এক শিক্ষার্থী প্রতিনিধিদল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। শিক্ষার্থী প্রতিনিধিদলটি গত ২৩ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত ফেসবুক সংক্রান্ত প্রতিযোগিতায় ঢাবি দল চ্যাম্পিয়ন

ফেসবুক কর্তৃক আয়োজিত এবং যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি ও মার্কিন ডিপার্টমেন্ট অব স্টেট-এর সহযোগিতায় ওয়াশিংটন ডিসিতে “Peer to Peer: Facebook Global Digital Challenge Spring 2017” শীর্ষক বৈশ্বিক প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২-সদস্য বিশিষ্ট এক শিক্ষার্থী প্রতিনিধিদল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। শিক্ষার্থী প্রতিনিধিদলটি গত ২৩ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। এসময় উপাচার্য তাদের অভিনন্দন জানান।

বিশ্ববিদ্যালয় উন্নয়ন অধ্যয়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. আসিফ মোহাম্মদ শাহানের নেতৃত্বে এশিয়া অঞ্চলের উক্ত প্রতিযোগিতায় শীর্ষস্থান অর্জনকারী দলের সদস্যরা হলেন- উন্নয়ন অধ্যয়ন বিভাগের মো. ইমরান আহসান, শারমিন আক্তার শাকিলা, মো. সাব্বির আহমেদ জুবায়ের, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের মো. মনজুরুল আলম, মো. সাইফুল ইসলাম, আশরাফুল কিবরিয়া, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের এ কে এম তওসীফ তানজীম আহমেদ, সওসান সহা, অর্থনীতি বিভাগের মু. মাহ্‌দী হাসান সরকার, সমাজকল্যাণ ইনস্টিটিউটের ডি. এম রইস-উজ-জামান শিশির, রোবোটিক্স এবং মেকাট্রনিক্স বিভাগের জুলকারনাইন তাসিন এবং পদার্থবিজ্ঞান বিভাগের আজওয়াদ আদনান।

গত ১৯ জুলাই এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ী দলটি নাইজেরিয়া, স্পেন এবং ফিলিপাইনসকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। বিশ্বের ৭০টি দেশের ১৬০টি দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) সিনিয়র রিপ্রেজেনটেটিভ হিতোশি আরা-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৬ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

কানাডার সাসকেচোয়ান বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিষয়ক বিশেষজ্ঞ অধ্যাপক ড. মবিনুল হক গত ৮ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

অস্ট্রিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং ভিয়েনাস্থ আইএইএ মিশনের স্থায়ী প্রতিনিধি মো: আবু জাফর গত ১১ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

চীনের ইউন্যান আর্টস ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট অধ্যাপক চেন ইয়ানপিং-এর নেতৃত্বে ৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১১ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

জার্মানীর যন্ত্রসংগীত শিল্পী শিমন কির্সপেল গত ৬ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

যুক্তরাজ্যের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের পলিটিকস এন্ড ইন্টারন্যাশনাল স্টাডিজ (পিওএলআইএস) বিভাগের শিক্ষক এবং সেন্টার অব ডেভেলপমেন্ট স্টাডিজের সিনিয়র রিসার্চ ফেলো ড. নাজিয়া মিন্টজ হাবিব গত ১৩ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অব এক্সিলেন্স ফর টিচিং এন্ড লার্নিং আয়োজিত “Effective and Successful Mentoring” শীর্ষক এক অনুষ্ঠান গত ১৩ জুলাই ২০১৭ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাস রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষকরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে এক ফটোসেশনে মিলিত হন। এসময় সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান উপস্থিত ছিলেন।

সম্পাদক আবদুস সালাম স্মারক বৃত্তি পেলেন ৫জন শিক্ষার্থী

২০১৪ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ৫জন মেধাবী শিক্ষার্থীকে “সম্পাদক আবদুস সালাম স্মারক বৃত্তি” প্রদান করা হয়েছে। এছাড়া, সাংবাদিকতায় অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ সাংবাদিক শাহেদ কামালকে আজীবন সম্মাননা প্রদান করা হয়।

গত ১৬ জুলাই ২০১৭ মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতি শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান। এছাড়া, আরও বক্তব্য রাখেন সম্পাদক আবদুস সালামের কন্যা রেহানা সালাম। অনুষ্ঠানে “সম্পাদক আবদুস সালাম স্মারক বক্তৃতা” প্রদান করেন বিভাগীয় অনারারি অধ্যাপক ড. সাখাওয়াত আলী খান। অনুষ্ঠান পরিচালনা করেন বিভাগের সহযোগী অধ্যাপক রোবায়েত ফেরদৌস। এসময় প্রয়াত সাংবাদিক আবদুস সালাম ও এ বি এম মুসার পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ইতিবাচক সাংবাদিকতার ওপর গুরুত্বারোপ করে বলেন, সমাজে সত্য প্রতিষ্ঠায় সাংবাদিকদের সততা ও সাহসিকতার সাথে নিরলসভাবে কাজ করতে হবে। প্রয়াত সাংবাদিক আবদুস সালাম এবং এ বি এম মুসার আদর্শ অনুসরণের মাধ্যমে সাংবাদিকতা পেশার উন্নয়ন ঘটানোর জন্য উপাচার্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। উপাচার্য তথ্য সমৃদ্ধ স্মারক বক্তৃতা প্রদান করায় অধ্যাপক ড. সাখাওয়াত আলী খানকে ধন্যবাদ জানান এবং বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান। এছাড়া, তিনি আজীবন সম্মাননা পাওয়া বিশিষ্ট সাংবাদিক শাহেদ কামালকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- ফারুক হোসেন, মো: জাহিদুর রহমান, মো: মাহমুদুল হাসান, নাজমুল হাসান এবং হোসনেয়ারা।

উল্লেখ্য, প্রয়াত সাংবাদিক এ বি এম মুসা শ্বশুরের স্মৃতি রক্ষার্থে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে “সম্পাদক আবদুস সালাম মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড” গঠন করেছিলেন।

মাস্টার অব ট্যাক্স ম্যানেজমেন্ট প্রোগ্রাম উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগে ‘মাস্টার অব ট্যাক্স ম্যানেজমেন্ট প্রোগ্রাম’ চালু করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২৩ জুলাই ২০১৭ বিজনেস স্টাডিজ অনুষদ মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কোর্স উদ্বোধন করেন।

বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনবিআর-এর চেয়ারম্যান মো: নজিবুর রহমান এবং সম্মানিত অতিথি ছিলেন ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো: আবু তালেব।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক আয়কর ব্যবস্থাকে সরকারের সামাজিক যোগাযোগের একটি অংশ হিসেবে অভিহিত করে বলেন, এই মাস্টার্স প্রোগ্রাম কার্যকর কর ব্যবস্থাপনা শিক্ষা এবং কর প্রদান সংস্কৃতি গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। তিনি বলেন, দেশে সুশাসন প্রতিষ্ঠায় দক্ষ আয়কর কর্মী হিসেবে গড়ে ওঠার পাশাপাশি শিক্ষার্থীরা এর মাধ্যমে দক্ষ সমাজ উন্নয়নকর্মী হিসেবেও নিজেদের গড়ে তুলতে সক্ষম হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিমেডিসিন কার্যক্রমের আন্তর্জাতিক পুরস্কার লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের উদ্ভাবিত প্রযুক্তির মাধ্যমে পরিচালিত টেলিমেডিসিন প্রকল্পের মুখ্য সহায়তাদানকারী প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাক্সেস টু ইনফরমেশন (এটুআই) কার্যক্রম ই-হেলথ্ ক্যাটাগরীতে ওয়ার্ল্ড সামিট অন দ্য ইনফরমেশন সোসাইটি ফোরামের ‘চ্যাম্পিয়নশীপ’ পুরস্কার লাভ করেছে।

গত ১২-১৬ জুন সুইজারল্যান্ডের জেনেভাতে অনুষ্ঠিত ওয়ার্ল্ড সামিট অন দ্য ইনফরমেশন সোসাইটি ফোরাম শীর্ষক অনুষ্ঠানে এই পুরস্কার দেয়া হয়। আইটিইউ-এর সেক্রেটারী জেনারেল হাওলিন ঝাও এর কাছ থেকে পুরস্কারের সনদ গ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিমেডিসিন কার্যক্রমের পরিচালক ও বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের অনারারি অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রব্বানী। ইন্টারন্যাশনাল টেলিকম্যুনিকেশনস ইউনিয়ন (আইটিইউ) এবং জাতিসংঘের বিভিন্ন শাখার যৌথ উদ্যোগে WSIS-2017 অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিমেডিসেন কার্যক্রমের আওতায় এই দলের কর্মীরা কম খরচে বিশেষায়িত রোগ নির্ণয়ের যন্ত্রপাতি উদ্ভাবন ও তৈরী করেছেন। এই প্রকল্পের সাহায্যে ইন্টারনেটের মাধ্যমে রোগীর শরীরের শব্দ ও ইসিজি সরাসরি দূরের ডাক্তারের কাছে পৌছে দিতে পারেন। এর মাধ্যমে দূর থেকেও চিকিৎসকরা রোগীকে উন্নত টেলিমেডিসিন সেবা দিতে পারেন।

বিশ্ব জনসংখ্যা দিবস উদ্‌যাপন

শিক্ষাই সবচেয়ে বড় জন্মনিরোধক - উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পরিবার পরিকল্পনা কর্মসূচীর সঙ্গে শিক্ষাকে সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, পরিকল্পিত পরিবার ও মান সম্পন্ন জাতি গঠনের ক্ষেত্রে শিক্ষাই একমাত্র হাতিয়ার। যথাযথ শিক্ষাই সবচেয়ে বড় জন্মনিরোধকের ভূমিকা পালন করতে পারে। জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষার প্রাথমিক স্তর থেকেই বাল্য বিয়ের কুফল ও জনসংখ্যা নিয়ন্ত্রণ বিষয়ক পাঠ্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে। বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে গত ১১ জুলাই ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগ আয়োজিত “Family Planning: Empowering People, Developing Nations” শীর্ষক সেমিনারে উপাচার্য প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখছিলেন। ইউএনএফপিএ’র সহযোগিতায় এই সেমিনারের আয়োজন করা হয়।

পপুলেশন সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান ড. মো: আমিনুল হকের সভাপতিত্বে সেমিনারে সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া বিশেষ অতিথি এবং পপুলেশন সায়েন্সেস বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে এম নূর-উন-নবী সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন বিভাগের প্রভাষক নুশরাত জাফরিন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সম্প্রতি বিভিন্ন পত্রিকায় প্রকাশিত পরিসংখ্যান তুলে ধরে বলেন, প্রতিবছর বাংলাদেশে ৫০ লাখ বাল্যবিয়ে হয়ে থাকে। এর ফলে জনসংখ্যা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। যথাযথ শিক্ষার অভাবেই সমাজে বাল্য বিয়ের হার বাড়ছে উল্লেখ করে তিনি বলেন, শিক্ষিত পরিবারে বাল্য বিয়ের হার অনেক কম। শুধু জন্মনিয়ন্ত্রণ সামগ্রী বিতরণ করে জনসংখ্যা বৃদ্ধির হার কমানো সম্ভব নয়। এজন্য ব্যাপক জনসচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। শিক্ষা ও সংস্কৃতির সঙ্গে জনসংখ্যা কার্যক্রমের সমন্বয় সাধনের মাধ্যমে এক্ষেত্রে সফলতা অর্জন সম্ভব বলে তিনি মন্তব্য করেন।

অনুষ্ঠানে “Family Planning: Empowering People, Developing Nations” শীর্ষক আন্তঃবিশ্ববিদ্যালয় রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পরে, পপুলেশন সায়েন্সেস বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়।

‘আহমদ শরীফ অধ্যাপক চেয়ার’ পদে নিয়োগ পেয়েছেন অধ্যাপক সন্‌জীদা খাতুন

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগে ‘আহমদ শরীফ অধ্যাপক চেয়ার’ প্রতিষ্ঠা করা হয়েছে। প্রথমবারের মত ‘আহমদ শরীফ অধ্যাপক চেয়ার’ পদে নিয়োগ পেয়েছেন বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক, বিশিষ্ট সংস্কৃতি সেবী ও গবেষক ড. সন্‌জীদা খাতুন। তিনি এক বছর এই পদে অধিষ্ঠিত থাকাকালে বাংলা বিভাগে গবেষণায় নিয়োজিত থাকবেন।

ড. সন্‌জীদা খাতুনের জন্ম ১৯৩৩ সালে। জাতীয় অধ্যাপক কাজী মোতাহার হোসেন তাঁর পিতা, মাতা সাজেদা খাতুন। তিনি ১৯৫৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্যে বিএ অনার্স (নজরুল স্বর্ণপদক) এবং ১৯৫৫ সালে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় শান্তিনিকেতন থেকে প্রথম শ্রেণীতে এমএ ডিগ্রি অর্জন করেন। ১৯৭৮ সালে তিনি ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শান্তি নিকেতন থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন এবং পরবর্তীতে একই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি উত্তর গবেষণাও সম্পন্ন করেন। অধ্যাপক সন্‌জীদা খাতুন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সম্মানসূচক ডি. লিট ‘দেশিকোত্তম’ লাভ করেন ২০০৮ সালে।

অধ্যাপক সন্‌জীদা খাতুন ১৯৫৭ সালে ভাষা ও সাহিত্য বিষয়ে বিভিন্ন কলেজে শিক্ষকতা শুরু করেন। স্বাধীনতার পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন এবং ১৯৯৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ থেকে অবসর গ্রহণ করেন। অবসর গ্রহণ করলেও পুনর্নিয়োগক্রমে তিনি ১৯৯৯ সাল পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন।

অধ্যাপক সন্‌জীদা খাতুনের ২৫টিরও বেশি গ্রন্থ রয়েছে। তিনি ১১টি গ্রন্থ সম্পাদনা করেছেন। সন্‌জীদা খাতুন ছায়ানট সঙ্গীত বিদ্যায়তনের প্রতিষ্ঠাতাদের একজন। তিনি নালন্দা বিদ্যালয় এবং ব্রতচারী’র প্রতিষ্ঠাতা সভাপতি। ১৯৫৩ সাল থেকে তিনি বাংলাদেশ বেতার ও ১৯৬৪ সাল থেকে বাংলাদেশ টেলিভিশনের নিয়মিত সঙ্গীতশিল্পী। ১৯৬৮ সালে নজরুলগীতির মিক্সড এক্সটেনডেট প্লে-রেকর্ড এবং ১৯৭০ সালে রবীন্দ্রনাথের দু’টি গানের এক্সটেনডেট প্লে-রেকর্ড পাকিস্তান থেকে বের হয়। ঢাকা এবং কলকাতা থেকে তাঁর অসংখ্য গানের সিডি বের হয়েছে।

১৯৮৮ সালে সন্‌জীদা খাতুনকে কলকাতার ‘টেগোর রিসার্চ ইনস্টিটিউট’ কতৃক ‘রবীন্দ্রতত্ত্বাচার্য’ উপাধিতে ভূষিত করা হয় । একই বছর তাঁকে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কতৃক ‘রবীন্দ্রস্মৃতি পুরস্কার প্রদান করা হয়। বাংলাদেশ সরকার কর্তৃক ১৯৯০ সালে তাঁকে একুশে পদক দেওয়া হয়। তিনি ১৯৯৮ সালে বাংলা একাডেমির সা’দত আলী আখন্দ পুরস্কার, ১৯৯৯ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার এবং ২০১০ সালে বাংলা একাডেমির রবীন্দ্র পুরস্কার অর্জন করেন। ২০০৫ সালে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির সম্মানজনক ফেলোশিপ লাভ করেন। এছাড়াও, তিনি বেগম জেবুন্নেছা ও কাজী মাহবুব জনকল্যাণ ট্রাস্টের স্বর্ণপদক ও সম্মাননা (১৯৯০), অনন্যা পুরস্কার (২০০০) এবং বিজয় দিবস পদক (২০০৯) লাভ করেন।

গত ১২ জুন ২০১৭ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে ঢাকা ইউনিভার্সিটি সায়েন্স সোসাইটির নিয়মিত প্রকাশনা ‘ধ্রুবক’-এর প্রথম সংখ্যার মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় সোসাইটির মডারেটর ও রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক লাফিফা জামাল উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্যের সাথে সোসাইটির সদস্যবৃন্দদের দেখা যাচ্ছে।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম ও মোঃ নজরুল ইসলাম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫